গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৮

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

ধর্মীয় মূল্যবোধ সৃষ্টির মাধ্যমে একটি অসাম্প্রদায়িক সমাজ প্রতিষ্ঠায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। উন্নয়নের মূল স্রোতধারায় ধর্মীয় নেতৃবৃন্দকে সম্পৃক্ত করে জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধ এবং নারীর প্রতি সহিংসতারোধ কার্যক্রমে ইতোমধ্যে অভূতপূর্ব সাফল্য অর্জিত হয়েছে। রূপকল্প ২০২১ এবং ২০৩০ এর মধ্যে এসডিজি অর্জনে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচির আলোকে কাঙ্খিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা ও দায়বদ্ধতা নিশ্চিত করে ন্যায়ভিত্তিক ও শুদ্ধাচারী রাষ্ট্র ও সমাজ প্রতিষ্ঠায় বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়েছে। বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক, প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা এবং বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান করা হচ্ছে। উক্ত কার্যক্রমের আওতায় বিগত ৩ বছরে ২৮ লক্ষ ৯ হাজার শিশু শিক্ষার্থীকে প্রাক-প্রাথমিক ও নৈতিকতা শিক্ষা, ১৮ লক্ষ ৬২ হাজার শিশুকে পবিত্র কোরআন শিক্ষা এবং ৭৬ হাজার ৩৫০ জন বয়স্ক ব্যক্তিকে সাক্ষরতা ও ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়েছে। অনলাইনে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। হজযাত্রীদের সেবায় ই-হজ ব্যবস্থাপনার আওতায় হজ ফ্লাইটের তথ্য, মক্কা ও মদিনায় আবাসন, ক্যাটারিং, যাতায়াতসহ হজযাত্রীদের ইলেকট্রনিক মেডিক্যাল প্রোফাইল, চিকিৎসা সেবায় কিওস্ক মেশিন, ফ্রিংগার প্রিন্ট, কল সেন্টার, ই-পেমেন্ট প্রবর্তন করা হয়েছে। দেশের বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান মেরামত/সংস্কার, বিভিন্ন ধর্মীয় উৎসব উদ্‌যাপনে আর্থিক সহায়তা প্রদান এবং দুঃস্থ পুনর্বাসনের জন্য অনুদান প্রদান মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যক্রম। এ কার্যক্রমের মাধ্যমে বিগত ৩ বছরে ১৯,৪৭২টি মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠান, ২৯০৪টি হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠান, ৩৭৫টি বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠান, ৪২টি খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠান এবং ৪,৯৫৬ জন দুঃস্থ ব্যক্তিকে অনুদান প্রদান করা হয়েছে। মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে গঠিত ইনোভেশন টিমের মাধ্যমে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাস্তবায়নের নিমিত্ত বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রয়েছে। পাশাপাশি সেবার মান উন্নয়নে নতুন উদ্ভাবনকে উৎসাহিত করা হচ্ছে। মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠপর্যায়ের প্রশাসনিক অফিসের নিজস্ব ফেইসবুক পেইজের মাধ্যমে নাগরিক সেবা প্রদান আরো সহজতর হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

জাতীয় হজ ও ওমরাহ্ নীতির আলোকে হজ ও ওমরাহ্ এজেন্সীসমূহের যথাযথ মনিটরিং, ওয়াক্‌ফ সম্পত্তি উদ্ধারের ক্ষেত্রে মামলা নিস্পত্তিতে দীর্ঘসূত্রতা, যাকাত বোর্ডকে কার্যকর ও গতিশীলকরণ এবং প্রকল্পসমূহের যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিতকরণ।

**ভবিষ্যত পরিকল্পনা:**

ই-হজ ব্যবস্থাপনার পরিবর্তিত পরিস্থিতির নিরবচ্ছিন্ন সমন্বয় ও আধুনিকায়ন, স্বচ্ছতা ও দ্রুততার সাথে মানসম্মত সেবা প্রদান, প্রতিটি জেলা ও উপজেলা পর্যায়ে মডেল মসজিদ নির্মাণ, প্রাথমিক বিদ্যালয় (দারুল আরকাম) এবং সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ এবং সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধের নিমিত্ত উদ্বুদ্ধকরণ।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ই-হজ ব্যবস্থাপনার সফল বাস্তবায়ন;
- বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের ধর্মীয় ও নৈতিক শিক্ষা, প্রাক্-প্রাথমিক ও প্রাথমিক (দারুল আরকাম) শিক্ষা প্রসারের মাধ্যমে ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় অবদান রাখা;
- সামাজিক সচেতনতা ও ধর্মীয় জ্ঞান প্রসারের লক্ষ্যে ২ লক্ষ ৯২ হাজার মানসম্মত ধর্মীয় পুস্তক প্রকাশ;
- ৮২ হাজার ধর্মীয় শিক্ষক, ইমাম ও মুয়াজ্জিন এবং ধর্মীয় নেতৃবৃন্দকে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান;
- ধর্মীয় প্রতিষ্ঠান সংস্কার/মেরামত, ধর্মীয় উৎসব উদ্‌যাপন এবং দুঃস্থ পুনর্বাসনে প্রায় ১৮ কোটি টাকা অনুদান প্রদান;
- ৫৬০ টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ;
- ওয়াক্‌ফ সম্পত্তি ব্যবস্থাপনা ও উন্নয়নের মাধ্যমে আয় বৃদ্ধি এবং
- যাকাত সংগ্রহ ও বিতরণের মাধ্যমে যাকাত ব্যবস্থাপনার উন্নয়ন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)**

ধর্মীয় মূল্যবোধ সম্পন্ন অসাম্প্রদায়িক সমাজ।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

ধর্মীয় মুল্যবোধ ও নৈতিকতা বিকাশের মাধ্যমে উদার ও সাম্প্রদায়িক সম্প্রীতির সার্বজনীন সমাজ প্রতিষ্ঠা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন;
২. হজ ব্যবস্থাপনার উন্নয়ন;
৩. ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন;
৪. যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ;
৫. জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

**১.৪ কার্যাবলি (Functions)**

১. ইসলামিক ফাউন্ডেশন, ওয়াক্‌ফ প্রশাসন, হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সংক্রান্ত গবেষণা ও তত্ত্বাবধান, উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা ও অনুদান প্রদান এবং অর্থ সংস্থানের উদ্যোগ গ্রহণ;

২. জাতীয় হজ ও ওমরাহ্ নীতি, হজ প্যাকেজ ঘোষণা, দ্বি-পাক্ষিক হজ চুক্তি সম্পাদন ও হজযাত্রীদের আবাসন ব্যবস্থাপনাসহ হজ ও ওমরাহ গমন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম এবং তীর্থ ভ্রমণ, বিদেশে গমনকারী এবং বিদেশ থেকে আগত ধর্মীয় প্রতিনিধিদল সংক্রান্ত কার্যক্রম;

৩. ওয়াক্‌ফ-দেবোত্তর সম্পত্তির রক্ষণাবেক্ষণ ও ওয়াক্‌ফ এস্টেট-দেবোত্তর সম্পত্তি পরিচালনায় সহায়তা প্রদান;

৪. ধর্মীয় ক্ষেত্রে বিভিন্ন গবেষণা ও প্রকাশনার ক্ষেত্রে উন্নয়ন সাধন ও পৃষ্ঠপোষকতা প্রদান, দাতব্য প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনায় সহযোগিতা প্রদান;

৫. ধর্ম এবং ধর্মীয় বিষয় সংশ্লিষ্ট আন্তর্জাতিক সম্মেলন, সেমিনার ও সংলাপের আয়োজন এবং অংশগ্রহণ; বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থা ও সংগঠনসমূহের সাথে যোগাযোগ, সম্পর্ক স্থাপন, সম্পর্কের উন্নয়ন, চুক্তি ও দলিল সম্পাদন, সমঝোতা এবং কনভেনশন সংক্রান্ত কার্যক্রম;

৬. ধর্মীয় ও নৈতিকতা শিক্ষা, বিভিন্ন ধর্মাবলম্বী শিশুদের প্রাক-প্রাথমিক, প্রাথমিক (দারুল আরকাম) এবং বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান;

৭. ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে সচেতনা ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম;

৮. বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠান ও ধর্মীয় সংগঠনের নির্মাণ ও সংস্কার, অনুদান প্রদান, চাঁদ দেখাসহ বিভিন্ন ধর্মীয় উপলক্ষ্য ও উৎসব উদ্‌যাপন সংক্রান্ত কার্যক্রম এবং

৯. যাকাত ও অনুদান ব্যবস্থাপনা উন্নয়নের মাধ্যমে দুস্থ পুনর্বাসন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| ধর্মীয় শিক্ষা সম্প্রসারিত | ধর্মীয় শিক্ষা অর্জনকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ১৬.৫৭ | ২০.৮৯ | ২১.৫০ | ২২.২৫ | ২২.৭৫ | শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | |
| সাম্প্রদায়িক সম্প্রীতি | আন্ত:ধর্মীয় সংলাপ ও জনসচেতনামূলক কার্যক্রম গ্রহণ | সংখ্যা | ৩০০ | ৩৬০ | ৪০০ | ৪৫০ | ৫৬০ | সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ধর্মীয় মূল্যবোধ ও নৈতিকতার উন্নয়ন; | ৩০ | [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ১০.০৫ | ১০.৬৫ | ১১.১২ | ১১.০০ | ১০.৯০ | ১০.৭৫ | ১০.৬৫ | ১১.৫০ | ১২.০০ |
| | | [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৭.৯৮ | ১০.২২ | ১২.৪৬ | ১২.০০ | ১১.৫০ | ১১.০০ | ১০.২২ | ১৪.৩৫ | ১৪.৪৫ |
| | | [১.৩] ইমাম ও মুয়াজ্জিনদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | সংখ্যা | ২.০০ | ৩.৫০ | ৫০০০ | ৫৭০০ | ৫৬০০ | ৫৪০০ | ৫২০০ | ৫০০০ | ৫৮০০ | ৬০০০ |
| | | [১.৪] বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | সংখ্যা | ৩.০০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫৪৫০ | ২৫৪০০ | ২৫৩৫০ | ২৫৩০০ | ২৫২৫০ | ২৫৪৫০ | ২৫৪৫০ |
| | | [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ১৮.০০ | ১৮.৫০ | ২৩.৮০ | ২২.৫০ | ২১.০০ | ১৯.৫০ | ১৮.৫০ | ১৯.০০ | ২০.০০ |
| | | [১.৬] ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | সংখ্যা | ৩.০০ | ৫০০ | ৬৫০০ | ৫৭০০ | ৫৬৫০ | ৫৬০০ | ৫৫৫০ | ৫৫০০ | ৬০০০ | ৬২০০ |
| | | [১.৭] গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) | সংখ্যা | ২.০০ | ৩৭ | ৫০ | ৯০ | ৮০ | ৭২ | ৬৫ | ৫০ | ৯২ | ৯৫ |
| | | | [১.৭.২] প্রকাশিত পুস্তক | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১.২১ | ১.৬৩ | ২.৯২ | ২.৫০ | ২.০০ | ১.৮০ | ১.৬৩ | ৩.০০ | ৩.২০ |
| | | [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ৩.০০ | | ৯০ | ৯৪ | ৯৩ | ৯২ | ৯১ | ৯০ | ৯৫ | ৯৬ |
| | | [১.৯] ইমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | সংখ্যা | ২.০০ | ১৯৬০ | ২০০০ | ২০০০ | ১৯৮০ | ১৯৬০ | ১৯৪০ | ১৯২০ | ২০০০ | ২০০০ |
| | | [১.১০] দারুল আরকাম মাদ্রাসা চালুকরণ | [১.১০.১] চালুকৃত মাদ্রাসা | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] হজ ব্যবস্থাপনার উন্নয়ন; | ২২ | [২.১] হজযাত্রীদের প্রাক নিবন্ধন | [২.১.১] প্রাক নিবন্ধিত হজযাত্রী | % | ৫.০০ | | ১০০ | ১০০ | ৯৮ | ৯৭ | | | ১০০ | ১০০ |
| | | [২.২] হজ প্যাকেজ ঘোষণা | [২.২.১] হজ প্যাকেজ ঘোষিত | তারিখ | ৩.০০ | ১১-০১-২০১৬ | ৩০-০১-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২০-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ২৮-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ১৫-১২-২০১৮ | ০১-১২-২০১৯ |
| | | [২.৩] নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.৩.১] হজে প্রেরিত | % | ৫.০০ | ৯২ | ৯৪ | ৯৬ | ৯৫ | ৯৪ | | | ৯৭ | ৯৮ |
| | | [২.৪] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৪.১] উপকরণ সরবরাহকৃত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |
| | | [২.৫] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৫.১] অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | % | ৩.০০ | ১০০ | ১০০ | ১০০ | ৯৯ | ৯৮ | | | ১০০ | ১০০ |
| | | [২.৬] হজ বিষয়ক অভিযোগ নিস্পত্তি | [২.৬.১] অভিযোগ নিস্পত্তিকৃত | % | ৩.০০ | ৮৫ | ৮৮ | ৯২ | ৯১ | ৯০ | ৮৯ | ৮৮ | ৯৪ | ৯৬ |
| [৩] ধর্মীয় প্রতিষ্ঠান ও সংস্থার প্রাতিষ্ঠানিক উন্নয়ন; | ২০ | [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ৪.০০ | | ৯০ | ৯২ | ৯১ | ৯০ | | | ৯৪ | ৯৬ |
| | | | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ২.০০ | | ৯০ | ৯২ | ৯১ | ৯০ | | | ৯৪ | ৯৬ |
| | | | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ১.০০ | | ৮৮ | ৯০ | ৮৯ | ৮৮ | | | ৯২ | ৯৪ |
| | | | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | % | ১.০০ | | ৮৬ | ৮৮ | ৮৭ | ৮৬ | | | ৯০ | ৯২ |
| | | [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | সংখ্যা | ২.০০ | ৪২০০ | ৪৪০০ | ৬২০০ | ৬০০০ | ৫৮০০ | ৫৬০০ | ৫৪০০ | ৬৫০০ | ৭০০০ |
| | | [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিত ও তালিকাভুক্তকরণ | [৩.৩.১] চিহ্নিত ও তালিকাভুক্ত ওয়াকফ এস্টেট | সংখ্যা | ২.০০ | ২৯০ | ১৫০ | ৩২৫ | ২৯৩ | ২৬০ | ২২৮ | ১৯৫ | ৩৩০ | ৩৩৫ |
| | | [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | সংখ্যা | ২.০০ | ২৯০ | ২০৫ | ৩২৫ | ২৯৩ | ২৬০ | ২২৮ | ১৯৫ | ৩৩০ | ৩৩৫ |
| | | | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | টাকা (লক্ষ) | ২.০০ | ৬০০.০০ | ২১১.০০ | ৬২৫.০০ | ৫৬২.০০ | ৫০০.০০ | ৪৩৭.৫০ | ৩৭৫.০০ | ৬৩০.০০ | ৬৩৫.০০ |
| | | | [৩.৪.৩] কমিটি গঠিত | সংখ্যা | ১.০০ | ২৯০ | ১৭০ | ৩২৫ | ২৯৩ | ২৬০ | ২২৮ | ১৯৫ | ৩৩০ | ৩৩৫ |
| | | | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | সংখ্যা | ১.০০ | ২৩০০ | ১৪৩২ | ২৩৬০ | ২১২৫ | ১৮৮০ | ১৬৫২ | ১৪৩২ | ২৩৭০ | ২৩৮০ |
| | | [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] উন্নয়নকৃত ওয়াকফ সম্পত্তি | সংখ্যা | ১.০০ | ০৪ | ০৩ | ০৪ | ০৩ | | | | ০৫ | ০৬ |
| | | [৩.৬] মডেল মসজিদ নির্মান | [৩.৬.১] নির্মানকৃত মসজিদ | সংখ্যা | ১.০০ | | | ৫৬০ | ৫৫০ | ৫৪০ | ৫৩০ | ৫২০ | ৫৬০ | ৫৬০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] যাকাত ব্যবস্থাপনা শক্তিশালীকরণ; | ৫ | [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহীত যাকাতের পরিমাণ | টাকা (লক্ষ) | ১.০০ | ২৬৪.০০ | ২৬৮.৫০ | ৩০০.০০ | ২৯০.০০ | ২৮০.০০ | ২৭০.০০ | ২৬৮.৫০ | ৩১৫.০০ | ৩২৫.০০ |
| | | [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংখ্যা (হাজার) | ১.০০ | ৩.৯২ | ৩৫.৬৫ | ৩৫.৯০ | ৩৫.৮৫ | ৩৫.৮০ | ৩৫.৭৫ | ৩৫.৬৫ | ৩৬.০০ | ৩৬.১০ |
| | | [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | সংখ্যা | ১.০০ | ১৩৮০ | ১২৫০ | ১২৮০ | ১২৭০ | ১২৬৫ | ১২৬০ | ১২৫০ | ১৩০০ | ১৩২০ |
| | | [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহীত | সংখ্যা (লক্ষ) | ২.০০ | ১০.৮৮ | ১১.০০ | ১১.৮০ | ১১.৬০ | ১১.৪০ | ১১.২০ | ১১.০০ | ১২.২০ | ১২.৫০ |
| [৫] জঙ্গীবাদ ও সন্ত্রাসবাদ প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম জোরদারকরণ। | ৩ | [৫.১] আন্তঃধর্মীয় সংলাপ আয়োজন | [৫.১.১] আন্ত:ধর্মীয় সংলাপ সংখ্যা | সংখ্যা | ১.০০ | | | ৮ | ৭ | ৬ | ৫ | | ৯ | ১০ |
| | | [৫.২] সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ আয়োজন | [৫.২.১] অনুষ্ঠিত সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণের সংখ্যা | সংখ্যা | ২.০০ | | | ৩৯২ | ৩৮০ | ৩৭০ | ৩৬০ | ৩৫০ | ৪০০ | ৪১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১১-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

০৬ - ০৭ - ২০১৭ খ্রিঃ
তারিখ

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] শিশুদের প্রাক-প্রাথমিক, ধর্মীয় ও নৈতিকতা বিষয়ে শিক্ষা প্রদান | [১.১.১] শিক্ষাক্রম সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদ, মন্দির, প্যাগোডা ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় প্রাক-প্রাথমিক শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩০ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | শিক্ষাক্রম সম্পন্নকারী শিশু শিক্ষার্থীর সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রকাশিত প্রতিবেদন |
| [১.২] কিশোর-কিশোরীদের কুরআন শিক্ষা প্রদান | [১.২.১] কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থী | মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় পবিত্র কোরআন শিক্ষা প্রদান করা হচ্ছে। প্রতিটি কোরআন শিক্ষা কেন্দ্রে ৩৫ জন শিক্ষার্থী শিক্ষা গ্রহণ করছেন। | ইসলামিক ফাউন্ডেশন | কুরআন শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থীর সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক প্রকাশিত প্রতিবেদন এবং আইএমইডি'র প্রকাশিত প্রতিবেদন |
| [১.৩] ইমাম ও মুয়াজ্জিনদের মৌলিক প্রশিক্ষণ প্রদান | [১.৩.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ইমাম, মুয়াজ্জিনসহ বিভিন্ন ধর্মীয় ব্যক্তিত্বকে আর্থ-সামাজিক ও ধর্মীয় বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | ইমাম প্রশিক্ষণ একাডেমি, ইসলামিক ফাউন্ডেশন | প্রশিক্ষণ সম্পন্নকারী ইমাম ও মুয়াজ্জিনদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বয়স্কদের সাক্ষর জ্ঞানসহ ধর্মীয় শিক্ষা প্রদান | [১.৪.১] বয়স্ক শিক্ষা সম্পন্নকারী | মসজিদ ও মন্দিরভিত্তিক বয়স্ক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে প্রতিটি ব্যাচে ২৫ জন শিক্ষার্থী শিক্ষা নিচ্ছেন। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | বয়স্ক শিক্ষা সম্পন্নকারী শিক্ষার্থীর সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রকাশিত প্রতিবেদন |
| [১.৫] বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা | [১.৫.১] সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট | মসজিদ, মন্দির, প্যাগোডাভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের আওতায় এবং কোরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সরবরাহ করা হচ্ছে। | ইসলামিক ফাউন্ডেশন, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | সরবরাহকৃত পাঠ্যপুস্তক ও শিক্ষা উপকরণ সেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রকাশিত প্রতিবেদন |
| [১.৬] ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ | [১.৬.১] প্রশিক্ষণ সম্পন্নকারী | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের আওতায় প্রকল্পের মাধ্যমে ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | প্রশিক্ষণ সম্পন্নকারীদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন এবং আইএমইডি'র প্রকাশিত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৭] গবেষণা ও ধর্মীয় পুস্তক প্রকাশনা | [১.৭.১] প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বই মেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রকাশিত পুস্তকের ধরণ (টাইটেল) সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [১.৭.২] প্রকাশিত পুস্তক | ইসলামিক ফাউন্ডেশন প্রতিবছর ধর্মীয় নানা বিষয়ে পুস্তক প্রকাশ করে থাকে। এসকল পুস্তক দেশব্যাপী ইসলামিক ফাউন্ডেশনের বিক্রয়কেন্দ্র এবং আন্তর্জাতিক বই মেলায় বিক্রয় করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রকাশিত পুস্তক সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের অনুদান প্রদান | [১.৮.১] ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থের ব্যয় | প্রতিবছর দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের আত্ম-কর্মসংস্থানের জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয় অনুদান প্রদান করে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | ব্যক্তি অনুদানের বরাদ্দকৃত অর্থে ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] ইমাম ও মুয়াজ্জিনগণকে আর্থিক সহায়তা প্রদান | [১.৯.১] উপকারভোগী | দুঃস্থ ও দরিদ্র ইমামদের আর্থিক সহায়তার জন্য প্রতিবছর ইমামও মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্ট হতে অনুদান প্রদান করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | অনুদানপ্রাপ্ত দরিদ্র ও দুঃস্থ ইমাম ও মুয়াজ্জিন সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.১] হজযাত্রীদের প্রাক নিবন্ধন | [২.১.১] প্রাক নিবন্ধিত হজযাত্রী | হজে যেতে ইচ্ছুক ব্যক্তিগণ বছরব্যাপী প্রাক-নিবন্ধন করে থাকেন। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | প্রাক-নিবন্ধিত হজযাত্রী সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [২.২] হজ প্যাকেজ ঘোষণা | [২.২.১] হজ প্যাকেজ ঘোষিত | প্রতি বছর মন্ত্রিসভার অনুমোদনক্রমে হজ প্যাকেজ ঘোষণার মাধ্যমে হজ কার্যক্রম শুরু হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | প্রকাশিত হজ প্যাকেজ | প্রকাশিত হজ প্যাকেজ |
| [২.৩] নিবন্ধিত হজযাত্রীদের সফলভাবে হজে প্রেরণ | [২.৩.১] হজে প্রেরিত | হজগমনেচ্ছু ব্যক্তিদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করে অন্যান্য শর্তাদি পুরণ সাপেক্ষে সকল হজযাত্রীদের হজে প্রেরণ নিশ্চিত করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | নিবন্ধিত হজযাত্রী সংখ্যার শতকরা হার | নিবন্ধিত ও প্রেরিত হজযাত্রী |
| [২.৪] হজ নির্দেশিকাসহ বিভিন্ন উপকরণ সরবরাহ | [২.৪.১] উপকরণ সরবরাহকৃত | হজ নিয়মাবলী সংক্রান্ত হজ নির্দেশিকা এবং অন্যান্য উপকরণ হজযাত্রীদের সরবরাহ করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ অফিস, ঢাকা | সরবরাহকৃত হজ নির্দেশিকা ও অন্যান্য উপকরণ সংখ্যার শতকরা হার | সরবরাহকৃত হজ নির্দেশিকা ও অন্যান্য উপকরণ |
| [২.৫] অসুস্থ হজযাত্রীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান | [২.৫.১] অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | প্রতি বছর হজ মৌসুমে মক্কা, মদিনা ও জেদ্দায় হজযাত্রীদের বিনামুল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, জেদ্দা ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও হজ অফিস, জেদ্দা | চিকিৎসা সেবা প্রাপ্ত হজযাত্রীর সংখ্যার শতকরা হার | চিকিৎসা সেবা প্রাপ্ত হজযাত্রী |
| [২.৬] হজ বিষয়ক অভিযোগ নিস্পত্তি | [২.৬.১] অভিযোগ নিস্পত্তিকৃত | হজ মৌসুমে হজযাত্রী ও হজ এজেন্টদের অভিযোগসমূহ যথাসময়ে নিস্পত্তি করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও হজ অফিস, জেদ্দা | নিস্পত্তিকৃত অভিযোগ সংখ্যার শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] ধর্মীয় প্রতিষ্ঠানসমূহের অনুকূলে আর্থিক সহায়তা প্রদান | [৩.১.১] মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের মসজিদ, ঈদগাহ, কবরস্থান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | মুসলিম ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.২] হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের মন্দির, শ্মশান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | হিন্দু ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৩] বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের প্যাগোডা, শ্মশান মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | বৌদ্ধ ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.১.৪] খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থের ব্যয় | দেশের গীর্জা, সেমিট্রি মেরামত/সংস্কারের জন্য প্রতিবছর অনুদান প্রদান করা হয়ে থাকে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং খ্রিস্টান ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | খ্রিস্টান ধর্মীয় প্রতিষ্ঠানে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের শতকরা হার | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] ধর্মীয় অনুষ্ঠানের জন্য আর্থিক সহায়তা প্রদান | [৩.২.১] আর্থিক অনুদানপ্রাপ্ত প্রতিষ্ঠান | দুর্গাপূজা, বৌদ্ধ পূর্ণিমাসহ অন্যান্য অনুষ্ঠানে অনুদান প্রদান করা হয়ে থাকে। | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট এবং বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট | আর্থিক অনুদান প্রাপ্ত প্রতিষ্ঠান সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] ওয়াকফ এস্টেট চিহ্নিত ও তালিকাভুক্তকরণ | [৩.৩.১] চিহ্নিত ও তালিকাভুক্ত ওয়াক্ফ এস্টেট | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়ের অধীন ওয়াক্ফ এস্টেট চিহ্নিত ও তালিকাভুক্তকরণ কার্যক্রম অব্যাহত আছে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | চিহ্নিত ও তালিকাভুক্ত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] ওয়াকফ সম্পত্তি ব্যবস্থাপনা | [৩.৪.১] মোতওয়াল্লী নিয়োগকৃত | চিহ্নিত সকল ওয়াক্ফ এস্টেট ব্যবস্থাপনার জন্য মোতওয়াল্লী নিয়োগ করা হয়। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | মোতওয়াল্লী নিয়োগকৃত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.২] ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদা | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় প্রতিটি ওয়াক্ফ সম্পত্তির আয় হতে ৫% হারে চাঁদা সংগ্রহ করে থাকে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | ওয়াকফ সম্পত্তি হতে প্রাপ্ত চাঁদার পরিমান | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.৩] কমিটি গঠিত | চিহ্নিত সকল ওয়াক্ফ এস্টেট ব্যবস্থাপনার জন্য কমিটি গঠন করা হয়। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | কমিটি গঠনকৃত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| | [৩.৪.৪] ওয়াকফ সম্পত্তি অডিটকৃত | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় কর্তৃক বাৎসরিক আয় ও ব্যয়ের হিসাব অডিট করা হয়। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | অডিটকৃত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] ওয়াকফ সম্পত্তির উন্নয়ন | [৩.৫.১] উন্নয়নকৃত ওয়াকফ সম্পত্তি | ওয়াক্ফ সম্পত্তির আয় বৃদ্ধির লক্ষ্যে ওয়াক্ফ সম্পত্তির উন্নয়ন করা হয়ে থাকে। | বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয় | উন্নয়নকৃত ওয়াক্ফ এস্টেট সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] যাকাত সংগ্রহ | [৪.১.১] সংগৃহীত যাকাতের পরিমাণ | প্রতিবছর ইসলামিক ফাউন্ডেশনের অধীন যাকাত প্রদানকারী ব্যক্তিদের নিকট থেকে যাকাত সংগ্রহ করে যাকাত তহবিলে জমা করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | সংগৃহীত যাকাতের পরিমান | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.২] যাকাত প্রদান | [৪.২.১] উপকারভোগী | সংগৃহীত যাকাত হতে গরীব ও দুঃস্থদের যাকাত প্রদান করা হয়। | ইসলামিক ফাউন্ডেশন | যাকাত প্রাপ্ত উপকারভোগীদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] দরিদ্র মহিলাদের সেলাই প্রশিক্ষণ প্রদান | [৪.৩.১] প্রশিক্ষণ প্রদত্ত | গ্রামীন দুঃস্থ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে সেলাই প্রশিক্ষণ প্রদান করে সেলাই মেশিন সরবরাহ করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | প্রশিক্ষণ প্রাপ্ত দুঃস্থ মহিলাদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] প্রত্যন্ত অঞ্চলে ইসলামিক মিশনের মাধ্যমে চিকিৎসা সেবা প্রদান | [৪.৪.১] চিকিৎসা সেবা গৃহীত | প্রত্যন্ত অঞ্চলের দরিদ্রও দুঃস্থদেরকে বিনামূল্যে ঔষধসহ স্বাস্থ্য সেবা প্রদান করা হয়ে থাকে। | ইসলামিক ফাউন্ডেশন | চিকিৎসা সেবা প্রাপ্ত দরিদ্র ও দুঃস্থ ব্যক্তিদের সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] আন্তঃধর্মীয় সংলাপ আয়োজন | [৫.১.১] আন্ত:ধর্মীয় সংলাপ সংখ্যা | সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ এবং সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে আন্তঃধর্মীয় সংলাপ আয়োজন করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন | অনুষ্ঠিত আন্ত:ধর্মীয় সংলাপ সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ আয়োজন | [৫.২.১] অনুষ্ঠিত সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণের সংখ্যা | সাম্প্রদায়িক সম্প্রীতি জোরদারকরণ এবং সন্ত্রাসবাদ ও জঙ্গীবাদ প্রতিরোধে সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ আয়োজন করা হয়। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন | অনুষ্ঠিত সভা, সেমিনার, সিম্পোজিয়াম, প্রশিক্ষণ সংখ্যা | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রকাশিত বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদত্ত | হজ মৌসুমে হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য চাহিদা অনুযায়ী ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট মনোনয়ন প্রদান। | অসুস্থ হজযাত্রীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য ডাক্তার, নার্স ও ফার্মাসিস্ট অপরিহার্য। | হজযাত্রীদের চিকিৎসা সেবা নিশ্চিত করা সম্ভব হবে না |